Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**
চ্যবনপ্রাশ
কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই পৌষ বুধবার, ১৩৭১ ইং 30th Dec. 1964 { ৩১শ সংখ্যা





সকল ঘরের তরে...
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Sever ?

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354.07.57
**খাস জনতা**
কেরোসিন কুকার
রূপায় চাকচিক্য ও [logo] নিপুণতা আনায়।
প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## আর. পি. ওয়াচ কোং
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।
ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

স্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই পৌষ বুধবার সন ১৩৭১ সাল।

# বাসের অযোগ্য স্থান

—•—

ইংরাজের সভ্যতার মাল মসলা আমদানীর আগে ভারত যখন নিজের সুবিধামত নিজের দেশ নিজেই শাসন করিত তখনকার পণ্ডিত নামধারী টিকিয়াল ব্রাহ্মণেরা বলিতেন—

"তত্র মিত্র ন বস্তব্যং যত্র নাস্তি চতুষ্টয়ম্।
ঋণদাতা চ বৈদ্যশ্চ শ্রোত্রিয়ঃ সজলা নদী ॥"

অর্থ—যেখানে অভাবের সময় ঋণদান করে এমন উত্তমর্ণ নাই, রোগ হইলে চিকিৎসার জন্য বৈদ্য নাই, বেদজ্ঞ শ্রোত্রিয় ব্রাহ্মণ নাই, এবং স্নান, পান ও কৃষিকার্য্যের জন্য সজলা নদী নাই সে স্থান বাসের অযোগ্য।

ইংরাজ রাজত্বে ইংরাজের বেতনভোগী শাসক ঋষি বঙ্কিমচন্দ্র যে "বন্দেমাতরম্" গান রচনা করিয়াছিলেন, তাহা বর্ত্তমানে ভারতের জাতীয় সঙ্গীত বলিয়া গৃহীত হইলেও ইহার "সপ্তকোটি মিলিত কণ্ঠে" এই শব্দে নিঃসন্দেহে বোঝা যায় গানটি "বঙ্গমাতাকে" বন্দনা করার জন্য রচিত হইয়াছিল।

আজ ভারত স্বাধীনতা লাভ করিয়া যে দশায় উপনীত হইয়াছে তাহা সুদশা কি দুর্দ্দশা তাহা সকলেই অনুভব করিতেছেন। (১) ঋণের জন্য আজ ভারত সরকার বিদেশীদের দ্বারে দ্বারে ঋণ প্রার্থনা করিয়া ফিরিতেছেন। এখনও কত যে ঋণ তার দরকার তাহা জানা যায় নাই।

(২) বৈদ্য—ইহাদের জীবিকাই ছিল ব্যাধি চিকিৎসা করা। ইংরেজ রাজত্বে ইহাদের চিকিৎসা নৈপুণ্যে নাম করা বড় বড় ডাক্তারগণও চমৎকৃত হইয়া ভারতীয় আয়ুর্ব্বেদ শাস্ত্রের বিধি ব্যবস্থা আদরের সঙ্গে গ্রহণ করিয়াছেন।

গত তের চৌদ্দ বৎসরকাল ধরিয়া এই রাজ্যের হাসপাতালগুলির বিরুদ্ধে বহুপ্রকার অভিযোগ সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে। পশ্চিমবঙ্গের হাসপাতালগুলির বিরুদ্ধে হাসপাতালে প্রেরিত রোগীর দীর্ঘকাল ধরিয়া উপেক্ষার জন্য মৃত্যু, রোগীর জন্য প্রেরিত ঔষধ ফল ইত্যাদি চুরি, রোগীর জন্য প্রদত্ত রক্ত কালোবাজারে বিক্রয়, রোগী দেখিতে গিয়া রোগীর আত্মীয়স্বজনের লাঞ্ছনা, হাসপাতালের উপেক্ষার জন্য ফুটপাথে গর্ভিণীর সন্তানপ্রসব, হাসপাতালে সন্তান বদল ইত্যাদি কত যে মারাত্মক অভিযোগ হইয়াছে ও হইতেছে তাহার ইয়ত্তা নাই। অন্য দেশে এই ধরণের অভিযোগ উত্থাপিত হইলে তাহা লইয়া সমগ্র দেশে একটা আলোড়ন হইত এবং সঙ্গে সঙ্গে উহার প্রতিকার না হইলে হয় স্বাস্থ্যমন্ত্রীর পদচ্যুতি ঘটিত না হয় মন্ত্রীসভার পতন হইত। কিন্তু এদেশে সকলই সম্ভব। এই সব অভিযোগ সত্ত্বেও বৎসরের পর বৎসর ধরিয়া আইনসভার মাধ্যমে শিক্ষা ও জনস্বাস্থ্য-বিভাগের ব্যয়বরাদ্দ মঞ্জুর হইতেছে। এই সব অভিযোগের একটা নিরপেক্ষ তদন্ত পর্য্যন্ত হইতেছে না। এখন রোগের চিকিৎসার্থে আসিয়া কত ( Rogue রোগ=দুর্ব্বৃত্তের ) অত্যাচার নীরবে সহ্য করিতে হয়।

—

# পুলিশের মত পুলিশ

গত সপ্তাহে যে পুলিশের কথা পাঠকবর্গের নিকট অল্প অল্প করিয়া প্রকাশ করিব বলিয়া আশা দিয়াছিলাম তাহা "জঙ্গিপুর সংবাদের" প্রতিষ্ঠাতা বর্ত্তমান সম্পাদকের পিতৃদেব শ্রীশরৎচন্দ্র পণ্ডিত মহাশয়ের নিকট শুনিয়া প্রকাশ করিবার ভরসা করিয়াছিলাম।

আজ উক্ত ( বর্ত্তমানে স্বর্গীয় ) সুদক্ষ পুলিশ কর্ম্মচারীর জনৈক উপরওয়ালা পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট তাঁহাকে জঙ্গিপুরের পুলিশগণ কিভাবে কার্য্য করিতেছেন, জিজ্ঞাসা করায়—তিনি জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির জনৈক মেথরাণীর কথিত গান শুনাইয়া বর্ত্তমান পুলিশের কর্ম্মপদ্ধতি সুরে তালে শুনাইয়া দিয়াছিলেন।

## গান

বাবু দারোগোয়া হো!
কৌন্ গুন্হাইয়া পিউয়া ( প্রিয়তম )
বাঁধলে মোর ?

নেহি মে পিউয়া ঠগ্ কি বাটোয়ারা
নেহি মে পিউয়া চোর—
নেহি মে পিউয়া দারু কি মাতোয়ালা—
শুত্‌লে সরকিয়া ওড়্।

আঁঠিয়া বেচবো, মাঠিয়া বেচবো,
বেচবো কানকী লোড়্।
পাঁচো রূপেয়া দেঙ্গে দারোগা কো,
দেখেঙ্গে দারোগাকী জোর্।

এস, পি সাহেব গানটির মর্ম্ম বুঝিতে পারিলেন। পাঁচটি টাকা হইলে পুলিশের জোর বুঝা যায়।

প্রৌঢ় বয়স্ক সুদক্ষ কর্ম-ব্যস্ত পুলিশ কর্ম্মচারীর সহিত তাঁহার পুত্রাপেক্ষা কম বয়স্ক জঙ্গিপুর সংবাদের প্রতিষ্ঠাতা শ্রীশরৎচন্দ্র পণ্ডিত মহাশয়ের আনুগত্যের কারণ এঁদের উভয়েরই নাটোর মহারাজের জমিদারীতে ভাগীরথী তীরস্থ জমি পয়স্তির জমা বৃদ্ধি, আমলাগণের নজর নেয়ামত এর দায়ে উভয়েই রাজানগর গ্রামের রাজকাছারীতে সমান দায়ী হইয়া পরস্পর পরস্পরের মত দায়গ্রস্ত।

নায়েব মহাশয়ের ধার্য্য দিনে উভয়েই রাজানগরের রাজ কাছারীতে হাজির থাকিতেন। পুলিশের কাজ না করিলেও ওঁর কর্ম্ম তৎপরতার জন্য জেলা হইতে জেলান্তরে চুরি, ডাকাতি প্রভৃতির আসামী সহ মাল ধরার যেন দৈবশক্তি সম্পন্ন ছিলেন।

একদিন উভয়েই জমিদারের কাছারীতে উপস্থিত এমন সময় ভরতপুর এলাকা হইতে রঘুনাথগঞ্জ ডাকঘরে টেলিগ্রাম এসেছে—রঘুনাথগঞ্জ হ'তে ওঁর ছেলে লোক মারফৎ রাজানগরের কাছারীতে পাঠাইয়াছিলেন। তখন পণ্ডিত মহাশয়কে ১০ দিন পরে দেখা করিতে বলিয়া বিদায় দিলেন।

( ক্রমশঃ )

## অনাহারী পোষ্ট-নিষ্ঠা

( ৺দ্বিজেন্দ্রলাল রায়ের "আমার জন্মভূমি" সুরে )

এমন পোষ্ট কোথাও খুঁজে পাবে নাক তুমি,
যাহার জন্যে ইতর ভদ্র সবার চরণ চুমি।
মান সম্মান যশের খনি, আমাদের এই বাংলা খানি
তাহার মধ্যে আছে পোষ্ট সকল পোষ্টের সেরা।
ইলেকৃসনে তৈরী সেটা কম্পিটিসন ঘেরা ॥
এমন পোষ্ট ইত্যাদি.........

নাইক এতে মাইনে কড়ি, কেবল পোষ্ট অনাহারী,
তারি তরে মারামারি করে ঘরে ঘরে।
( খালি ) 'নামকা বাস্তে' ভোট কিনতে
রুপেয়া খরচ করে।
এমন পোষ্ট ইত্যাদি.........

দেখ এক বিষম আশ্চর্য্য, বিদ্যাশূন্য ভট্টাচার্য্য
তারাও পাচ্ছে এ সব কার্য্য, কেবল ভোটের চোটে।
( যারা ) বায়না নইলে কয়না কথা
তারাও বেগার খাটে ॥
এমন পোষ্ট ইত্যাদি.........

যদি বল দেশের লাগি, এই বাবুরা স্বার্থত্যাগী
বেগার খাটেন এঁরা সবে দেশের উপকারে।
( তবে ) মরা ফেল্‌তে ডাকলে কেন
লুকিয়ে থাকে ঘরে ॥
এমন পোষ্ট ইত্যাদি.........

দেখে শুনে লাগছে ধন্ধ, মনে মনে হচ্ছে সন্দ,
হয়ত এতে আছে কোন লুক্কায়িত মধু।
( নইলে ) একটী পয়সার মা বাপ যারা
বেগার খাটে শুধু ?
এমন পোষ্ট ইত্যাদি.........

পে'তে এই সম্মানের পোষ্ট, পূর্ব্ব সম্মান হল নষ্ট,
তবুরে বেগারী পোষ্ট দিবনাকি ছাড়ি।
( যেন ) অনাহারী পোষ্টে থেকে অনাহারেই মরি।
এমন পোষ্ট ইত্যাদি.........

## জঙ্গিপুর কৃষ্ণপুর মোটর বাস

জঙ্গিপুর হইতে কৃষ্ণপুর রেল ষ্টেশন পর্য্যন্ত কয়েকখানি মোটর বাস চলাচল করে। মাঝে মাঝে বাস থাকে না। গত ২৬শে ডিসেম্বর শনিবার বেলা ১১টার সময় জঙ্গিপুর হইতে কৃষ্ণপুর যাওয়ার কোন বাস ছিল না। সেদিন ৩৬২নং ডাউন ট্রেণের যাত্রিগণ বাস না থাকায় ঐ ট্রেণে যাইতে পারেন নাই। একটা চলতি লাইনে অনিয়মিতভাবে গাড়ী চলাচল করিলে যাত্রিগণের দুর্ভোগ চরমে উঠিবে। এই বিষয়ে আমরা মুর্শিদাবাদের আর-টি-এ ও জেলা শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## জনৈক দর্শকের চোখে সাজাহান

ইং ১৯২৩ সালে সাজাহান নাটক এই সহরে প্রথম অভিনীত হয়েছিল। তদানীন্তন নাট্যশিল্পীগণ সেই অভিনয়ে যোগদান করেছিলেন। আমি নিজেও একটি ক্ষুদ্র ভূমিকায় অংশ গ্রহণ করি। সেই সময়কার অনেকেই আজ স্বর্গত। দীর্ঘ ৪১ বৎসর পর পুনরায় নতুন আঙ্গিকে সাজাহান নাটকখানি অভিনীত হ'ল। যুগ পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে অভিনয়ের ধারাও বদলে যায় এবং সেটা স্বাভাবিক। তাই গত ২২শে ডিসেম্বর পরেশনাথ পাঠাগারের প্রযোজনায় সাজাহান নাটকটী দেখতে গিয়ে মনে ভয় হয়েছিল কারণ নাটক নির্ভর করে সুষ্ঠু পরিচালনা ও প্রযোজনার উপর। এই নাটক পরিচালনায় কোন শিল্পীর নাম না থাকায় এই ভয়ের কারণ। একথা সত্যি যে রচনায় নাটকের সূচনা—পরিচালনায় তার সিদ্ধি এই দুয়ে মিলে নাট্য-বৃত্ত সম্পূর্ণ।

যাই হোক অভিনয় আরম্ভ হ'ল ৭টায়। মনে বেশ আনন্দ হ'ল কেননা বই বড় শেষ হতে সময় লাগবে এবং ফিরতে শীতে কষ্ট হবে। কিন্তু পরিচালনা ও প্রযোজনার গুণে নাটকটী শেষ হ'ল ১০॥০টায়। অনুসন্ধান নিয়ে জানলাম যে পরিচালনার দায়িত্ব নিয়েছিলেন পশুপতি বাবু—তাঁর নাট্যকলার ভালবাসা আর আন্তরিকতা তাঁকে জয়যুক্ত করলো। বলতে দ্বিধা নেই যে নতুন আঙ্গিকে সাজাহান নাটকের অভিনয় করে পরিচালক মহাশয় নতুন নজির সৃষ্টি করলেন।

প্রধান চরিত্রগুলির সুসংবদ্ধ অভিনয় নাটকের সাফল্যের একমাত্র কারণ। সর্ব্বশ্রী বিশ্বপতি চট্টোপাধ্যায় ( সাজাহান ) গৌরপতি চট্টোপাধ্যায় ( ঔরংজীব ) বিভূতিভূষণ মজুমদার ( দিলদার ) বিশ্বনাথ দাস ( দারা ) ও আরো অনেকে যাঁদের নাম জানা না থাকায় সাবলীল অভিনয় করে দর্শকদের যথেষ্ট আনন্দ দান করেছেন। ক্ষুদ্র ভূমিকায় একটী মেয়ে ও ছেলে জহরৎ ও সিপারের ভূমিকায় সকলের মন জয় করতে সমর্থ হয়েছে। অন্যান্য ক্ষুদ্র ভূমিকায় প্রস্তুতির অভাব পরিলক্ষিত হ'ল। আশা করি আরো ২।৪ রাত্রির অভিনয়ে দোষ ত্রুটি সংশোধন হয়ে যাবে। নেপথ্য সঙ্গীত ও আলোক সম্পাত উচ্চাঙ্গের না হলেও চলনসই।

সর্বশেষে নাট্যশিল্পীদের ও পাঠাগারের সভ্যদের এই জাতীয় নাটক পরিবেশনের জন্য ধন্যবাদ দিই।

---

## ইণ্ডিয়ান ন্যাশনাল কালচারাল সোসাইটী আয়োজিত নিখিল বঙ্গ একাঙ্ক নাটক প্রতিযোগিতা

আগামী মে মাসে আই-এন-সি-এস ফ্রাটারনিটির বার্ষিক উৎসব উপলক্ষে মহাজাতি সদনে পক্ষকাল-ব্যাপী নিখিল বঙ্গ একাঙ্ক নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হইবে। এই প্রতিযোগিতায় বিশিষ্ট নাট্যবিদগণ বিচারক হিসাবে উপস্থিত থাকিবেন। সমস্ত উৎসাহী নাট্য সংস্থাকে এই প্রতিযোগিতায় স্বাগত জানান হইতেছে। প্রতিযোগিতায় অংশ গ্রহণের শেষ তারিখ ৩১শে জানুয়ারী '৬৫। আই-এন-সি-এস ফ্রাটারনিটির ২১/১, ক্যানাল ওয়েষ্ট রোড ( মানিকতলা ) কলিকাতা—৬ এর অফিস হইতে বিকাল ৫টা হইতে রাত্রি ৯টা পর্য্যন্ত বিশদ বিবরণাদি জানা যাইবে।

Wanted a gradute Asstt. Teacher pref. strong in English. Apply by 7. 1. 65
Secretary,
Raghunathganj H. S. (M.) School.
P. O. Raghunathganj, Dt. Murshidabad.

Wanted one senior Moulabi. Apply to the Secretary Khamra (Bhabki) Jr. High School. P. O. Rajput Teghari, Dt. Murshidabad on or before 15. 1. 65

**বাড়ী বিক্রয়**

গো-ডাউন কলোনীর মধ্যে আশ্রমের সন্নিকট আট কাঠা জায়গার উপর পাকা দুই কুঠরি ঘর ও আম, লিচু গাছসহ বিক্রয় করিব। গ্রাহকগণ নিয়ে অনুসন্ধান করুন।

শ্রীমতী শিশুবালা ব্যানার্জী ( নার্স )
গো-ডাউন কলোনী—রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

